



তথ্যবিবরণী

নম্বর-০৪৭

বিশ্ব বসতি দিবস উদযাপনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৭ আশ্বিন (২২ সেপ্টেম্বর):

আগামী ৭ অক্টোবর (সোমবার) বিশ্ব বসতি দিবস। এ উপলক্ষে আজ রবিবার (২২ সেপ্টেম্বর) বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

প্রস্তুতি সভায় সিদ্ধান্ত অনুসারে ওইদিন সকাল সাড়ে নয়টায় রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয় হতে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হবে। পরে সকাল দশটায় শিল্পকলা একাডেমির সম্মেলন কক্ষে দিবসটির প্রতিপাদ্যের উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

দিবসটি সামনের রেখে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, গণপূর্ত বিভাগ ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ নগরীর গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার ও ফেস্টুন প্রদর্শন করবে।

উল্লেখ্য যে, প্রতিবছর অক্টোবর মাসের ১ম সোমবার বিশ্বব্যাপী দিবসটি উদযাপন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য “তরুণদের সম্পৃক্ত করি, উন্নত নগর গড়ি”।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৬:৩০ ঘ.